6

তারিখ ... 1.. MAY. 1995... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ......

দৈনিক সংবাদ

ফলো আপ

## পীরপুর বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িকভাবে বরখাস্ত

মনোহরদী (নরসিংদী), ১৩ই মে (নিজস্ব সংবাদদাতা)।– ছাত্রী উপবৃত্তি নিয়ে দুর্নীতি, অনিয়মসহ কতিপয় অভিযোগে থানার পীরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সম্প্রতি বিদ্যালয় পরিচালনা কমিটি বরখাস্ত করেছে। গত ৯ই মার্চ দৈনিক 'সংবাদ'–এ 'মনোহরদী ঃ ছাত্রী উপবৃত্তি নিয়ে দুর্নীতি চলছে' শিরোনামে উক্ত বিদ্যালয়সহ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের দুর্নীতি নিয়ে একটি সচিত্র প্রতিবেদন প্রকাশিত হয়। এ ব্যাপারে পীরপুর বালিকা উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটি প্রধান শিক্ষককে একটি 'কারণ দর্শাও' নোটিশ করে। পরবর্তীতে গত ২১শে এপ্রিল কমিটির এক সভায় উক্ত অভিযোগসহ বেশকিছু দুর্নীতি ও অনিয়মের ঘটনা প্রাথমিকভাবে প্রমাণের পর প্রধান শিক্ষক তোফাজ্জল হোসেনকে সাময়িক–ভাবে বরখাস্ত করা হয়। উল্লেখ্য, 'সংবাদ'–এ প্রকাশিত দুর্নীতির অভিযোগ অস্বীকার করে প্রধান শিক্ষক একটি প্রতিবাদলিপি প্রেরণ করেছিলেন। যা গত ২১শে এপ্রিলের 'সংবাদ'–এ প্রকাশিত হয়।